

২৬/৭  
২০/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা  
(শিক্ষা ও আইসিটি শাখা)  
[www.chuadanga.gov.bd](http://www.chuadanga.gov.bd)

AP  
Webportal  
Upload জন  
UDC ইতোমধ্যে ফেসবুক  
নিতে বসুন  
১৭/৭/২০



স্মারক নং- ০৫.৪৪.১৮০০.১০৪.৬৭.০০২.২০- ১১২

তারিখঃ ২৩ আষাঢ়, ১৪২৭  
০৭ জুলাই, ২০২০

বিষয়ঃ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় আসন্ন কোরবানী ঈদকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলায় অনলাইন পশুহাট আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় আসন্ন কোরবানী ঈদকে সামনে রেখে জেলা প্রশাসন, চুয়াডাঙ্গা অনলাইনে পশু কেনাবেচার আয়োজন করেছে। এ লক্ষ্যে ইতোমধ্যে “অনলাইন পশুহাট, চুয়াডাঙ্গা” নামে একটি ফেসবুক পেইজ খোলা হয়েছে। পশু বিক্রেতাদের প্রকৃত তথ্য প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সকল ইউডিসি নির্দিষ্ট ইউনিয়নের পশু বিক্রেতাগণের যাবতীয় তথ্য সংগ্রহপূর্বক “অনলাইন পশুহাট, চুয়াডাঙ্গা” ফেসবুক পেইজে নির্দিষ্ট ফরমেটে নিম্নবর্ণিত তথ্যাদি আপলোড করবে যেন ক্রেতাগণ সহজেই তাদের কাঙ্ক্ষিত কোরবানীর পশু খুঁজে পেতে পারেন।

- |                  |              |                      |                          |
|------------------|--------------|----------------------|--------------------------|
| ১. বিক্রেতার নাম | ৩. মোবাইল নং | ৫. পশুর গায়ের রঙ    | ৭. বিক্রয় মূল্য         |
| ২. পূর্ণ ঠিকানা  | ৪. পশুর বয়স | ৬. পশুর আনুমানিক ওজন | ৮. পশুর ছবি বা ছোট ভিডিও |

ফেসবুক পেইজে পশুর তথ্য আপলোড করার ক্ষেত্রে নিম্নবর্ণিত ফরমেট ব্যবহার করতে হবে।

- # গরু/ ছাগল
- # উপজেলার নাম
- # ইউনিয়নের নাম
- # গ্রাম/ মহল্লা
- # Available/ Sold Out
- # পশু সংক্রান্ত তথ্য

পশু বিক্রয় হয়ে গেলে পুনরায় তথ্য হালনাগাদ করতে হবে। স্থানীয় পত্রিকা, ফেসবুক, লিফলেট, মাইকিং, স্থানীয় টিভি চ্যানেল বা অন্যান্য সকল মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে। কোন অবস্থাতেই যেন কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব না হয় সে লক্ষ্যে নিজ নিজ উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ তত্ত্বাবধান করবেন। সার্বিক সমন্বয়ের জন্য জনাব মোঃ ফিরোজ হোসেন, সহকারী কমিশনার, চুয়াডাঙ্গা (মোবাইল নং- ০১৬৭৮৭১২১০০, ইমেইলঃ [firoz.bcs.adm@gmail.com](mailto:firoz.bcs.adm@gmail.com)) ও প্রোগ্রামার, চুয়াডাঙ্গা (মোবাইল নং ০১৭১০৫০৯৪৯৪) দায়িত্ব পালন করবেন।

  
মোঃ নজরুল ইসলাম সরকার  
০৭/০৭/২০২০

১. উপজেলা নির্বাহী অফিসার

.....  
চুয়াডাঙ্গা।

২. ইউডিসি

..... ইউনিয়ন  
চুয়াডাঙ্গা।

জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা


ফোনঃ ০৭৬১- ৬৩১১১

ই-মেইলঃ [dcchuadanga@mopa.gov.bd](mailto:dcchuadanga@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.৪৪.১৮০০.১০৪.৬৭.০০২.২০- ১১২

তারিখঃ ২৩ আষাঢ়, ১৪২৭  
০৭ জুলাই, ২০২০

- অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ১। মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা/ আলমডাঙ্গা পৌরসভা/ জীবননগর পৌরসভা/ দর্শনা পৌরসভা, চুয়াডাঙ্গা।
  - ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।
  - ৩। চেয়ারম্যান, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ জীবননগর/ দামুড়হুদা উপজেলা, চুয়াডাঙ্গা।
  - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
  - ৫। মোঃ ফিরোজ স্যেন, সহকারী কমিশনার, চুয়াডাঙ্গা (সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন)।
  - ৬। প্রোগ্রামার, চুয়াডাঙ্গা (জেলা ওয়েবপোর্টালে ও ফেসবুক পেইজে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন)।
  - ৭। জেলা তথ্য অফিসার, চুয়াডাঙ্গা (ব্যাপক প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
  - ৮। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেসক্লাব/ চুয়াডাঙ্গা প্রেস ক্লাব, চুয়াডাঙ্গা (স্থানীয় সকল পত্রিকা ও অনলাইন নিউজপোর্টালে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
  - ৯। সম্পাদক/ প্রকাশক ....., চুয়াডাঙ্গা। (জনস্বার্থে আপনার বহুল প্রচলিত সংবাদপত্রে আগামীকাল প্রথম পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
  - ১০। অফিস কপি।

  
জেলা প্রশাসক  
চুয়াডাঙ্গা  
০৭/০৭/২০২০